দৈনিক জনকণ্ঠ

তারিখ : 13. JUL. 2015 পৃষ্ঠা : ৫ কলাম : ৪

# জাতীয় বেতন স্কেল নিয়ে বিশ্ববিদ্যালয় পরিষদের উদ্বেগ, ৪ দফা দাবি

## ইউজিসি চেয়ারম্যানের সঙ্গে মতবিনিময়

স্টাফ রিপোর্টার ॥ পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বেতনসহ মর্যাদা বৃদ্ধির বিষয়টিকে সরকার অগ্রাধিকার দেবে বলে আশা প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান আবদুল মান্নান। একই সঙ্গে তিনি বলেছেন, মানবসম্পদ উন্নয়নের জন্য বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বেতন কাঠামো ও মর্যাদা বাড়ানো দরকার।

প্রস্তাবিত অষ্টম বেতন কাঠামো নিয়ে অসন্তোষের মধ্যে রবিবার পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সংগঠন বিশ্ববিদ্যালয় পরিষদের নেতৃবৃন্দের সঙ্গে অনুষ্ঠিত মতবিনিময় সভায় ইউজিসি চেয়ারম্যান এ কথা বলেন। ইউজিসি মিলনায়তনে অনুষ্ঠিত মতবিনিময় সভায় ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক ড. মোহাম্মাদ মোহাব্বত খান, অধ্যাপক ড. মোঃ আখতার হোসেন, অধ্যাপক ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, অধ্যাপক ড. দিল আফরোজা বেগম, পাবলিক বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত পরিচালক ফেরদৌস জামান, জনসংযোগের অতিরিক্ত পরিচালক শামসুল আরেফিন। উপাচার্যদের মধ্যে ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য. অধ্যাপক ড. ফারজানা ইসলাম, হাজি মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রুহুল আমিন, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক খালেদা ইকরাম, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহীত উল আলম, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহাম্মদ মিজানউদ্দিন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মাসুম আহমেদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আলী আকবর, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ শওকত ওসমান, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ আবদুস সাত্তার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আমিনুল হক ভূইয়া প্রমুখ।

সভায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের পক্ষ থেকে প্রস্তাবিত জাতীয় বেতন স্কেল নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে চার দফা দাবি পেশ করা হয়। দাবিগুলো হচ্ছে– বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের দাবিসমূহ বাস্তবায়ন, দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের পদমর্যাদা জাতীয় বেতন স্কেলের সর্বোচ্চ বিশেষ স্কেলের সমতুল্য করে অন্যান্য সুবিধাদি নিশ্চিত করা, বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল প্রবর্তন করা এবং রাষ্ট্রীয় ওয়ারেন্ট অব প্রিসিডেন্স-এ উপাচার্যদের ও বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রত্যাশিত বেতন কাঠামো অনুযায়ী পদমর্যাদা নিশ্চিত করা।

উপাচার্যদের দাবির বিষয়ে ইউজিসি চেয়ারম্যান বলেন, শিক্ষা ও শিক্ষকদের মর্যাদা এবং মূল্যায়নকে অগ্রাধিকার দেয়ার বিষয়ে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে বলে আমি আশাবাদী। তিনি আরও বলেন, যেহেতু বাংলাদেশের সপ্তম পঞ্চমবার্ষিকী পরিকল্পনার মূল প্রতিপাদ্য হচ্ছে মানবসম্পদ উন্নয়ন সেহেতু শিক্ষাক্ষেত্রে অধিক বিনিয়োগ এখন সময়ের দাবি। একটি শিক্ষিত জাতি বাংলাদেশকে অনেক দূর এগিয়ে নিয়ে যেতে পারে। এর আগে গত বুধবার সচিবালয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে সাক্ষাত করে বেতন কাঠামো নিয়ে পাবলিক বিশ্ববিদ্যালয়ে অস্থিরতা আশঙ্কার কথা জানিয়েছিলেন উপাচার্যরা।